গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৩.২০২১-১১৬ তারিখ ৭ চৈত্র ১৪২৭

২১ মার্চ ২০২১

বিষয়: আসন্ন পবিত্র রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ জনসাধারণের প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্নকরাসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

গত ১৪ মার্চ ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে 'আসন্ন পবিত্র রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ জনসাধারণের প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্নকরাসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে' অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৯ (নয়) পাতা।

যুগ্মসচিব (প্রশা ও বাজেট) এর দপ্তর
ডায়েরী নং ৩৭৮
তারিখ ২৫/৩/২১
☐ উপসচিব/সিসস (প্রশাসন)
☐ উপসচিব/সিসস (নৌ/প্রশি)
☐ উপসচিব/সিসস (সমন্বয়)
☐ উপসচিব/সিসস (বাজেট)
☐ সি. এনালিষ্ট/প্রোগ্রামার
☐ ব্যক্তিগত কর্মকর্তা

সচিবের দপ্তর
25 MAR 2021
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-১)
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-২)
☐ সচিবের একান্ত সচিব
সচিব

(মোঃ ওসমান গনি)
পরিচালক (প্রশাসন)
☎ +৮৮০-০২-৫৫০২৯৪৩৫
ই-মেইল: section.dir15@pmo.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা

নম্বর-১৮.০০.০০০০.০১৬.৯৯.০২২.১৯- ১৫৮ তারিখ: ৩১-০৩-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ৯৫১৫৫৫১

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট/পাবনা।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যান পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সকল কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

## আসন্ন রমজান উপলক্ষ্যে জনসাধারণের প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্ন করার ক্ষেত্রে আশু করণীয় সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. আহমদ কায়কাউস
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
সভার তারিখ : ১৪ মার্চ ২০২১
সময় : বেলা ০৩:০০ টা
স্থান : সভাকক্ষ (২য় তলা), প্রধানমন্ত্রীর কার্যালয়
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি আশা প্রকাশ করেন যে, আসন্ন রমজান ও পবিত্র ঈদুল ফিতরে জনগণের প্রত্যাশা অনুযায়ী সেবাপ্রাপ্তি নিশ্চিত এবং জনজীবন স্বাচ্ছন্দময় ও নির্বিঘ্ন রাখার লক্ষ্যে সকল সরকারি দপ্তর ইতোমধ্যে স্ব-উদ্যোগে বিভিন্ন কার্যক্রম ও ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করেছে। তিনি রমজানের সার্বিক পবিত্রতা ও ভাবগাম্ভীর্য রক্ষার্থে জনসচেতনতামূলক প্রচার, জনদুর্ভোগ লাঘব, নিত্যপণ্যের সরবরাহ ও মূল্য স্থিতিশীল রাখা, যানজটমুক্ত চলাচল, আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ খাদ্যে ভেজাল ও দূষণরোধে সকলকে সুসমন্বিতভাবে কাজ করার আহবান জানান। পবিত্র রমজান ও ঈদুল ফিতর যথাযথ পবিত্রতা, ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপনের লক্ষ্যে সরকারি দপ্তরসমূহ কর্তৃক যে সকল উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করা হচ্ছে তা জনগণের মাঝে ব্যাপক প্রচারের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ভোজ্য তেলের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সভাপতি ১ লিটার বোতলজাত সয়াবিন তেল সরবরাহ বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। উপযুক্ত মানের খেজুর যাতে বাজারে পর্যাপ্ত পরিমান থাকে, সে বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। বঙ্গবন্ধু যমুনা সেতুর টোল আদায় কার্যক্রম দ্রুত করার জন্য একটি সফটওয়্যার ডেভলপ করার পরামর্শ প্রদান করেন। গরু ও খাসির মাংসের দাম স্বাভাবিক রাখার বিষয়ে সভাপতি জানান সংশ্লিষ্ট অধিদপ্তর টিসিবি'র ন্যায় ঢাকার বিভিন্ন স্থানে গরু ও খাসির মাংস বিক্রির ব্যবস্থা করতে পারে।

০২। সভায় উপস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া বলেন, পবিত্র রমজান মাসে মানুষের সেবা প্রত্যাশা বেড়ে যায় তাই জনপ্রত্যাশিত সেবা প্রদানের জন্য অন্যান্য সময়ের তুলনায় সকলকে অধিক প্রেষণা নিয়ে দায়িত্ব পালন করতে হবে। তিনি প্রস্তাব করেন, পবিত্র রমজান ও ঈদুল ফিতরকে সামনে রেখে সরকারি প্রতিষ্ঠানসমূহ 'বিশেষ সেবা সপ্তাহ' পালন করতে পারে। খোলা বাজারে চাল বিক্রি ও খাদ্য সহায়তার আওতায় বিতরণ কার্যক্রম রোজা শুরু এক সপ্তাহ আগে শুরু করা যায়।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| ১. | রমজানের পবিত্রতা ও সংযম পালন বিষয়ে প্রচার | রমজানের পবিত্রতা রক্ষা ও ইসলামী বিধি বিধানের আলোকে সংযম পালনের বিষয়ে প্রিন্ট, ইলেকট্রনিক মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার চালানোর বিষয়ে সভায় বিস্তারিত | ১.১। রমজানের পবিত্রতা রক্ষা ও ইসলামী বিধি-বিধানের আলোকে প্রিন্ট, ইলেকট্রনিক মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রয়োজনীয় প্রচার চালানোর | তথ্য মন্ত্রণালয়/ ধর্ম মন্ত্রণালয়/ ইসলামিক ফাউন্ডেশন/ স্থানীয় সরকার বিভাগ/ মন্ত্রিপরিষদ বিভাগ |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। তথ্য মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, স্থানীয় প্রশাসন প্রচারের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে মর্মে আলোচকগণ মত প্রকাশ করেন। পবিত্র রমজানে ব্যবসা প্রতিষ্ঠান, হাট-বাজারসহ জনসমাগমস্থলে স্বাস্থ্যবিধি অনুসরণ করে যার যার ক্ষেত্রে প্রযোজ্য ইসলামিক বিধি বিধান ও অনুশাসনসমূহ তুলে ধরে ছোট ছোট ব্যানার, ফেস্টুনের মাধ্যমে প্রচার চালানোর বিষয়ে সকলে সুপারিশ প্রদান করেন। | বিষয়ে ধর্ম মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, তথ্য মন্ত্রণালয়, সিটি কর্পোরেশনসহ জেলা/ উপজেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে; | |
| ২. | নিরাপত্তা | পবিত্র রমজান মাস ও ঈদুল ফিতরকে সামনে রেখে সর্বাত্মক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পুলিশ বিভাগের প্রতিনিধি এ সংক্রান্ত প্রস্তুতি সভাকে অবহিত করেন। এছাড়া জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি স্ব প্রস্তুতির বিষয়টি সভায় তুলে ধরেন। সভাপতি সকল জেলা ও উপজেলাসহ স্থানীয় পর্যায়ে নিরাপত্তা সচেতনতা তৈরিতে কার্যকর উদ্যোগ গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে জনসচেতনতামূলক প্রচার অব্যাহত রাখতে হবে। | ২.১। পবিত্র রমজান মাস ও ঈদুল ফিতরকে সামকে রেখে সর্বাত্মক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে সকল জেলা ও উপজেলাসহ স্থানীয় পর্যায়ে জনসচেতনতা তৈরিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.২। জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে জনসচেতনতামূলক প্রচার অব্যাহত রাখতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ তথ্য মন্ত্রণালয়/ বাংলাদেশ পুলিশ |
| ৩. | নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখা | নিত্যপণ্যের বাজার দর সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বাণিজ্য সচিব ও চেয়ারম্যান টিসিবি নিত্যপণ্যের মূল্য পরিস্থিতি সভায় তুলে ধরেন। রমজান মাসকে সামনে রেখে নিত্যপণ্যের পর্যাপ্ত মজুদ রয়েছে মর্মে তারা সভাকে অবহিত করেন এবং রমজানে খাদ্য সামগ্রীর মূল্য বৃদ্ধি পাবেনা বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় খাদ্য বিভাগের সচিব জানান এপ্রিলের শেষ সপ্তাহে বোরো ধান কাটা শুরু হবে বিধায় চালের বাজার স্থিতিশীল থাকবে। বাণিজ্য সচিব | ৩.১। নিত্যপণ্যের পর্যাপ্ত মজুদ ও সুষ্ঠু সরবরাহ ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২। নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.৩। টিসিবি কর্তৃক ন্যায্য মূল্যে দ্রব্য সামগ্রী বিক্রির স্থান সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং স্থান নির্ধারণের ক্ষেত্রে জনসাধারণের সুবিধার বিষয়টি বিবেচনায় নিতে হবে।<br>৩.৪। আলোচিত বিষয়ে প্রতিযোগিতা | বাণিজ্য মন্ত্রণালয়/ টিসিবি/বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন/সিটি কর্পোরেশন/ স্থানীয় সরকার বিভাগ/ মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগ |



ď

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| | | বলেন, নতুন পেয়াজের আবাদ শুরু হওয়ায় পেয়াজের মূল্য স্থিতিশীল থাকবে। | কমিশন যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। বাণিজ্য সচিব বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন।<br>৩.৫। সয়াবিন তেলের দাম স্থিতিশীল রাখার জন্য ১ লিটারের বোতলজাত সয়াবিন তেলের সরবরাহ বৃদ্ধি করতে হবে।<br>৩.৬। রোজা শুরুর এক সপ্তাহ আগে থেকে খোলা বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বিক্রি ও খাদ্য সহায়তার আওতায় চাল বিতরণ শুরু করতে হবে।<br>৩.৭। বিভিন্ন স্থানে ভ্রাম্যমান বিক্রয় কেন্দ্রের মাধ্যমে গরুর মাংস, খাসির মাংস ও ডিম বিক্রির ব্যবস্থা করতে হবে। | |
| ৪. | খাদ্যে ভেজালরোধ | পবিত্র রমজানকে সামনে রেখে খাদ্যে ভেজাল ও খাদ্যে দূষণ রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহ স্ব স্ব প্রস্তুতির বিষয়টি সভাকে অবহিত করেন। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, সমগ্র বাংলাদেশ এবং রাজধানীর বড় বড় মার্কেটসমূহে নিয়মিত পরিবীক্ষণ ও অভিযান পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, সংশ্লিষ্ট দপ্তরসমূহের সহযোগিতায় প্রয়োজনীয় মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। সভাপতি খাদ্যে ভেজাল ও দূষণরোধে যথাযথ প্রচার ও জনসাধারণকে সচেতন করার উপর গুরুত্বারোপ করেন। | ৪.১। খাদ্যে ভেজাল ও দূষণরোধে যথাযথ প্রচার ও জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৪.২। প্রতিটি হাট-বাজার ও জনসমাগমস্থলে জনসচেতনতামূলক ব্যানার, ফেস্টুন ও মাইকিংয়ের মাধ্যমে খাদ্যে ভেজাল ও দূষণের বিরুদ্ধে প্রচার চালাতে হবে।<br>৪.৩। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪.৪। বিএসটিআই কর্তৃক স্বতঃপ্রণোদিতভাবে খাদ্য সামগ্রী ও পানীয় দ্রব্যের নমুনা পরীক্ষা করতে হবে এবং চিহ্নিত দূষিত/ ভেজাল খাদ্য ও পানীয় দ্রব্য বাজার হতে প্রত্যাহারসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৫। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জেলা প্রশাসনের মাধ্যমে সমরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ খাদ্য মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ/ শিল্প মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ/ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ/ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |
| ৫. | যানজট নিরসন | আসন্ন রমজান ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঢাকাসহ দেশের সকল মহানগর, নগর ও শহরকে যানজটমুক্ত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ঢাকা মেট্রোপলিটন | ৫.১। আসন্ন রমজান ও ঈদুল ফিতরে রাজধানী ঢাকা, বন্দর নগরী চট্টগ্রামসহ সকল মহানগর, নগর ও শহরে যানজট নিরসনকল্পে প্রয়োজনে অধিক | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ পুলিশ হেডকোয়াটার্স/ ডিএমপি/ ঢাকা |



৪

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| | | পুলিশের প্রতিনিধি রাজধানী ঢাকা শহরের যানজট পরিস্থিতি সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি মেট্রোরেল নির্মাণজনিত কারণে ঢাকার বিভিন্ন রাস্তা সংকুচিত হয়ে পড়ায় আসন্ন রমজান ও পবিত্র ঈদুল ফিতরে যানজট পরিস্থিতি অবনতি হওয়ার আশংকা ব্যক্ত করেন। মেট্রোরেলের নির্মাণকাজকে কোনভাবে ব্যাহত না করে সংশ্লিষ্ট রাস্তাসমূহের সর্বোচ্চ পরিসর কিভাবে ব্যবহার করা যায় সে বিষয়ে পরীক্ষাপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভাপতি অন্যান্য নগর ও শহরেও স্থানীয় প্রশাসনের মাধ্যমে যানজট নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। | লোকবল/ স্কাউট/ কমিউনিটি পুলিশিং ব্যবহার করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫.২। সারা বাংলাদেশের স্থানীয় প্রশাসন এ লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।<br>৫.৩। অবৈধ পার্কিং, যত্রতত্র গাড়ি দাঁড়ানো, রাস্তার পাশে নির্মাণ সামগ্রী ফেলে রাখাসহ যানজট সৃষ্টিকারী অনুষঙ্গসমূহের বিরুদ্ধে যথাযথ ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫.৪। মেট্রোরেলের নির্মাণকাজ কোনভাবে ব্যাহত না করে সংশ্লিষ্ট রাস্তাসমূহের সর্বোচ্চ পরিসর কিভাবে ব্যবহার করা যায় সে বিষয়ে পরীক্ষাপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট দপ্তরসমূহের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>৫.৫। বঙ্গবন্ধু যমুনা সেতুর টোল আদায়ে একটি সফটওয়্যার ডেভেলপ করে অগ্রিম টোল আদায়ের ব্যবস্থা করতে হবে। | সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ)/ স্থানীয় সরকার বিভাগ/ সেতু বিভাগ |
| ৬. | ঈদে ঘরমুখো ও ঈদ পরবর্তী কর্মস্থলগামী যাত্রীদের নিরাপদ ও নির্বিঘ্ন যাতায়াত | আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঘরমুখো ও ঈদ পরবর্তী কর্মস্থলগামী যাত্রীদের নিরাপদ ও নির্বিঘ্নে যাতায়াত নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রেলপথ, সড়কপথ, নৌপথ ও আকাশপথে যাত্রীদের সুলভে টিকিট প্রাপ্তি, টিকিটের কালোবাজারিরোধসহ যাত্রাপথ নিরাপদ ও নির্বিঘ্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহ নিজ নিজ পরিকল্পনা ও কার্যক্রম সভায় উপস্থাপন করেন। সচিব, রেলপথ মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, এবারের ঈদে ঢাকা শহরের একাধিক স্থানে ট্রেনের টিকিট বিক্রয় করা হবে। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় জানান যে, আকাশপথে বিভিন্ন এয়ার লাইন্সের টিকিটের অতিরিক্ত চাহিদার উপর সাধারণত মূল্য বৃদ্ধির বিষয়টি নির্ভর করে; | ৬.১। আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঘরমুখো ও ঈদ পরবর্তী কর্মস্থলগামী যাত্রীদের সড়ক, রেল, নৌ ও আকাশপথে নিরাপদ ও নির্বিঘ্নে যাতায়াত নিশ্চিতকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে সুসমন্বিত ও সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>৬.২। নিরাপদ সড়ক নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট কমিটি সমূহের সুপারিশ বাস্তবায়ন করতে হবে।<br>৬.৩। আবহাওয়ার বিষয়টি বিবেচনায় নিয়ে নৌরুটে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে। নৌরুটে চলাচলকারী সকল নৌযানের ফিটনেস ও প্রয়োজনীয় | মন্ত্রিপরিষদ বিভাগ/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ রেলপথ মন্ত্রণালয়/ নৌপরিবহন মন্ত্রণালয়/ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ/ স্থানীয় সরকার বিভাগ/ বাণিজ্য মন্ত্রণালয়/ শ্রম মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয় |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| | | তবে এবারের ঈদে অভ্যন্তরীণ রুটে এয়ার লাইন্সের টিকিট সহজলভ্য ও সুলভ করার বিষয়ে প্রচেষ্টা গ্রহণ করা হবে। সড়কপথে যাত্রা নির্বিঘ্ন করার জন্য স্টেকহোল্ডারদের সঙ্গে সভা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সভাকে অবহিত করেন। হাইওয়ে রেঞ্জের ডিআইজি নিরাপদ ও যানজটমুক্ত যাত্রাপথ নিশ্চিত করার লক্ষ্যে পুলিশের বহুমুখী পরিকল্পনা/ কার্যক্রম ও উদ্যোগ সভায় তুলে ধরেন। সভাপতি যানজট প্রবণ এলাকাগুলোতে স্থানীয় প্রশাসনের সমন্বয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও এসব এলাকায় নির্দিষ্ট দূরত্ব পর পর আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের অনুরোধ জানান। তিনি র‍্যাবের টহল বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করেন। আবহাওয়ার বিষয়টি বিবেচনায় নিয়ে নৌরুটে যথাযথ সতর্কতা অবলম্বনের বিষয়ে সভায় অধিকতর গুরুত্বারোপ করা হয়। নৌরুটে চলাচলকারী সকল নৌযানের ফিটনেস ও প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। নৌপরিবহন মন্ত্রণালয় ও বিআইডব্লিউটিএ এর প্রতিনিধি নৌচলাচলের সামগ্রিক বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন।<br>ঈদে ঘরমুখো যাত্রীদের চাপ সমন্বয়ের লক্ষ্যে গার্মেন্টস্ ইন্ডাস্ট্রির কর্মীদের ছুটির বিষয়টি পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত বিজিএমইএ এর প্রতিনিধি বিষয়টি নিশ্চিতকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান। ঢাকা জেলা প্রশাসকের নেতৃত্বে এ সংক্রান্ত কমিটির সভা করে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি বিভিন্ন শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের ঈদুল ফিতর উপলক্ষ্যে প্রাপ্য বোনাস ও বেতন যথাসময়ে প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | কাগজপত্র পরীক্ষা সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৬.৪। রেল ও বাসের টিকিট সহজে প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>৬.৫। দুর্ঘটনা ও যানজটপ্রবণ এলাকাসমূহে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সমন্বয়ে সার্বক্ষণিক মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৬.৬। পবিত্র ঈদুল ফিতরে যাত্রাপথ নিশ্চিত ও নিরাপদ করার লক্ষ্যে স্ব স্ব মন্ত্রণালয়ে সমন্বয়/ আন্তঃমন্ত্রণালয় সভা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কমিটি সমূহকে কার্যকর রাখতে হবে।<br>৬.৭। সারা দেশে স্থানীয় প্রশাসনকে সমরূপ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করতে হবে।<br>৬.৮। সারা দেশের সড়ক নেটওয়ার্ক সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬.৯। পোশাক শিল্প ও কল-কারখানায় কর্মরত কর্মীদের ছুটি সমন্বয়ের লক্ষ্যে নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬.১০। বিভিন্ন ইন্ডাস্ট্রিতে কর্মরত কর্মীদের ঈদুল ফিতর উপলক্ষ্যে যথাসময়ে ঈদ বোনাস ও বেতন প্রদান নিশ্চিত করতে হবে। | |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| ৭. | বিদ্যুৎ ও পানি সরবরাহ | আসন্ন পবিত্র রমজানে সারাদেশে বিদ্যুৎ ও পানি সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পবিত্র রমজানে বিদ্যুতের যে সম্ভাব্য চাহিদা তার চেয়ে উৎপাদন বেশি থাকায় এবারের রমজানে বিদ্যুতের সমস্যা হওয়ার কথা নয়। তিনি সারাদেশে বিদ্যুৎ সরবরাহে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের পরিকল্পনা সভায় তুলে ধরেন। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ জানান যে, রাজধানী ঢাকাসহ অন্যান্য এলাকায় ওয়াসা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মাধ্যমে পানি সরবরাহ নিশ্চিত করা হবে। সভাপতি বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ও সঞ্চালন লাইন ব্যবস্থাপনার বিষয়ে গুরুত্বারোপের জন্য বিদ্যুৎ বিভাগের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন, সেহরি, ইফতার, তারাবির নামাজকালীন সময়ে কোন ভাবেই যেন বিদ্যুৎ বিভ্রাট না ঘটে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। এবারের রমজান মাসে আবহাওয়া শুষ্ক ও চরমভাবাপন্ন হওয়ার সম্ভাবনা থাকায় কোথাও যেন পানি সরবরাহে সমস্যা না থাকে তা নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | ৭.১। পবিত্র রমজান মাসে সারাদেশে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেহরি, ইফতার, তারাবির নামাজের সময়ে কোন ভাবেই যেন বিদ্যুৎ বিভ্রাট না ঘটে সে বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>৭.২। এবারের রমজান মাসে আবহাওয়া শুষ্ক ও চরমভাবাপন্ন হওয়ার সম্ভাবনা থাকায় কোথাও যেন পানি সরবরাহে সমস্যা না থাকে তা নিশ্চিত করতে হবে।<br>৭.৩। বিদ্যুৎ ও পানির সঞ্চালন লাইন সুষ্ঠু ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ/ বিদ্যুৎ বিভাগ/ ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/ দক্ষিণ) |
| ৮. | জনস্বাস্থ্য | এবারের পবিত্র রমজানে বাংলাদেশের আবহাওয়া বিবেচনায় নিয়ে জনস্বাস্থ্যের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এ বিষয়ে সার্বিক প্রস্তুতি সভায় তুলে ধরেন। সভাপতি পবিত্র রমজানে জনস্বাস্থ্য সচেতনতামূলক ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | ৮.১। পবিত্র রমজানে জনস্বাস্থ্য সংক্রান্ত সচেতনতামূলক ব্যাপক প্রচার চালাতে হবে।<br>৮.২। রোগ প্রতিরোধ/ প্রতিকার/ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে।<br>৮.৩। কোভিড-১৯ এর টীকার কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর/ তথ্য মন্ত্রণালয়/ মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৯. | বিশেষ সেবা সপ্তাহ পালন | আসন্ন রমজান ও পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে সরকারি দপ্তরসমূহ কর্তৃক 'বিশেষ সেবা সপ্তাহ' পালন সংক্রান্ত মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর উত্থাপিত প্রস্তাব বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাপূর্বক প্রস্তাবটি গৃহীত হয়। সভাপতি এ বিষয়ে সুনির্দিষ্ট | ৯.১। আসন্ন পবিত্র রমজান ও ঈদুল ফিতরকে সামনে রেখে সরকারি দপ্তরসমূহ প্রযোজ্য ক্ষেত্রে 'বিশেষ সেবা সপ্তাহ' পালন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | মন্ত্রণালয়/ বিভাগ (সকল) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|---|
| | | কর্মপরিকল্পনার মাধ্যমে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে 'বিশেষ সেবা সপ্তাহ' পালনের জন্য সকল সরকারি দপ্তরকে অনুরোধ জানান। | | |

০৪। এবারের রমজান ও পবিত্র ঈদুল ফিতর যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে পালনের লক্ষ্যে জনপ্রত্যাশা অনুযায়ী সর্বোৎকৃষ্ট পরিবেশ সৃষ্টির প্রয়াস গ্রহণের জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। বাংলাদেশের মানুষের সর্বোচ্চ ধর্মীয় অনুভূতির মাস রমজান ও ঈদুল ফিতরের পবিত্র উৎসবের সময় বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে সকলকে নিরাপত্তা সচেতন থাকার জন্য তিনি আহবান জানান। এছাড়া জনগণের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে সর্বোচ্চ সতর্ক থেকে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে যথাযথ দায়িত্ব পালনের জন্য তিনি অনুরোধ জানান। সভাপতি উপস্থিত সকলকে পবিত্র রমজানের আগাম মোবারকবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২১.০৩.২০২১
(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব